দৈনিক জনকণ্ঠ

তারিখ 13 JAN 2017
পৃষ্ঠা ২২ কলাম ৮

# ৯৫ ভাগ শিশু স্কুলে দুর্যোগ সংক্রান্ত শিক্ষা পায় না

**নিজস্ব সংবাদদাতা, কলাপাড়া, ১২ জানুয়ারি ॥** কলাপাড়ায় তৃণমূলের ৯৫ ভাগ শিশু বিদ্যালয়ে দুর্যোগ সংক্রান্ত শিক্ষা পায় না। প্রাপ্তসহ বিভিন্ন বয়সের ৭৫ ভাগ মানুষ দুর্যোগের সময় কি করতে হয়, তা জানেন না। এরা আবার দুর্যোগ বিষয়ে কোন প্রশিক্ষণ পায়নি। বেসরকারী উন্নয়ন সংস্থা আভাস বৃহস্পতিবার বেলা ১১টায় কলাপাড়া প্রেসক্লাব মিলনায়তনে এক সংবাদ সম্মেলনে এসব তথ্য উপস্থাপন করেন। লিখিত বক্তব্য পাঠ করেন প্রোগ্রাম কো-অর্ডিনেটর মোঃ সিরাজুল ইসলাম। স্বাগত বক্তব্য রাখেন উপজেলা ব্যবস্থাপক মনিরুল ইসলাম। সহায়তা করেন প্রজেক্ট কো-অর্ডিনেটর (এসআর) মোঃ আলী আহসান। সভাপতিত্ব করেন কলাপাড়া প্রেসক্লাবের সভাপতি মেজবাহউদ্দিন মাননু।